গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা**
লালমাটিয়া, থানা-মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, ফোন: ৪৮১২০৭৯২, ৪৮১১৮৫৪৩, ০১৫৫৯০৮২১৫০, ই-মেইলঃ lalmatiagirlscollege@yahoo.com

স্মারক নং- ৫৮/০৭-৬২০৪৪ তারিখ: ০৪.০৮.২০২৫

# বিজ্ঞপ্তি

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ক) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি এবং খ) আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবৃত্তির নিয়মাবলী অনুসরণ করে নির্ধারিত ফরমে আগামী ২৫/০৯/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিষয় ভিত্তিক নির্ধারিত কাউন্টারে আবেদনপত্র জমা দেয়ার জন্য বলা হলো। বৃত্তি প্রাপ্তির জন্য প্রতি বর্ষে শিক্ষার্থীর অর্জিত ফলাফল ন্যূনতম জিপিএ ৩.০০ এবং ক্লাসে উপস্থিতির হার ন্যূনতম ৭৫% হতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষাবৃত্তির নিয়মাবলী ও নির্ধারিত আবেদন ফরম এতৎসঙ্গে সংযুক্ত করা হলো। নির্ধারিত তারিখের পর কোন আবেদনফরম জমা নেয়া হবে না।

০৪/০৮/২০২৫

অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

# জুলাই শহিদ স্মৃতি শিক্ষাবৃত্তি জাতীয় বিশ্ববিদ্যালয়-২০২৫ নিয়মাবলী

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত (১) বিশেষ চাহিদাসম্পন্ন সকল শিক্ষার্থী (২) আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গ, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী এই বৃত্তির আওতাভুক্ত হবে।

**১। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির যোগ্যতা**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ভর্তি হওয়া সকল বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী এই বৃত্তির আওতায় আসবে। বৃত্তি প্রাপ্তির জন্য বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ভর্তির সময় প্রদত্ত প্রমাণক আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা ভর্তি হওয়ার পর থেকে প্রতি শিক্ষাবর্ষে একবার এককালীন এই বৃত্তি প্রাপ্ত হবে।

**২। আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গ, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির যোগ্যতা**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজে স্নাতক (পাস), স্নাতক (সম্মান), প্রিলি টু মাস্টার্স এবং স্নাতকোত্তর কোর্সে অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃগোষ্ঠি, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীগণ এই বৃত্তির আওতাভুক্ত হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ স্নাতক (পাশ) পরীক্ষার শেষ বর্ষের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রিলি টু মাস্টার্স এবং প্রিলি টু মাস্টার্স-এর ফলাফল অথবা স্নাতক (সম্মান) কোর্সের চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর কোর্সে বৃত্তি প্রদান করা হবে।

গ) শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির হার ন্যূনতম ৭৫% হতে হবে।

ঘ) বৃত্তি প্রাপ্তির জন্য প্রতি বর্ষে শিক্ষার্থীর অর্জিত ফলাফল ন্যূনতম জিপিএ ৩.০০ হওয়া আবশ্যক।

ঙ) অনুচ্ছেদ-২ এর (ক) ভুক্ত শিক্ষার্থীদের মধ্যে যারা কলেজের একাডেমিক ও সহপাঠক্রমিক কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করে ভালো পারফরম্যান্স অর্জন করেছে তারা বৃত্তির জন্য অগ্রাধিকার পাবে।

চ) ছাত্র-জনতার জুলাই গণঅভ্যুত্থান-২০২৪ এ আহত ও শহিদ পরিবারের শিক্ষার্থীদের অগ্রাধিকার (প্রযোজ্য ক্ষেত্রে) এবং ক্ষেত্র বিশেষে শর্ত শিথিলযোগ্য হবে।

ছ) দুর্গম পাহাড়ী এলাকা, অনুন্নত ও প্রত্যন্ত অঞ্চল, নদী ভাঙ্গন বা প্রাকৃতিক দুর্যোগপূর্ণ এলাকার শিক্ষার্থীদের বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে অনুচ্ছেদ-২ এর (গ) শর্ত শিথিলযোগ্য।

৩। **বৃত্তির প্রক্রিয়া ও শর্তাবলী**

ক) বৃত্তি প্রদানের লক্ষ্যে প্রতি বছর বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রেস বিজ্ঞপ্তি/ বিজ্ঞাপন প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তি/বিজ্ঞাপন অনুযায়ী বিধিসমূহ অনুসরণপূর্বক কলেজ অধ্যক্ষ সংশ্লিষ্ট কলেজের শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন করে সুপারিশসহ বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করবেন।

খ) শিক্ষার্থীদের পূর্ববর্তী বর্ষের ফলাফল, মেধাক্রম (নিজ কলেজ) ও GPA স্পষ্টভাবে উল্লেখপূর্বক সুপারিশ প্রেরণ করতে হবে।

গ) মোট বৃত্তির ২০% নারী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

ঘ) স্নাতক (পাশ), স্নাতক (সম্মান) পর্যায়ের শিক্ষার্থীদের পূর্ববর্তী বৎসরের ফলাফলের ভিত্তিতে, প্রিলি টু মাস্টার্স-এ অধ্যয়নরত শিক্ষার্থীদের স্নাতক (পাশ) পরীক্ষার শেষ বর্ষের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং স্নাতকোত্তর শেষ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের স্নাতক (সম্মান)-এর চূড়ান্ত ফলাফলের ভিত্তিতে বৃত্তি প্রদান করা হবে।

ঙ) অনুচ্ছেদ-১(ক) এ বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী এবং অনুচ্ছেদ ২(ক) এ বর্ণিত আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, নৃ-গোষ্ঠি, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীদের বিষয়ে সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ প্রত্যয়ন করবেন।

চ) বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে বৃত্তির অর্থ চেকের মাধ্যমে প্রদান করা হবে।

ছ) তথ্য গোপন করা হলে, নিয়মের ব্যত্যয় ঘটলে, অসম্পূর্ণ অথবা ভুল তথ্য প্রদান করা হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর বৃত্তি বাতিল বলে গণ্য হবে।

জ) অনিয়মিত শিক্ষার্থী বৃত্তির জন্য বিবেচিত হবে না।

ঝ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিটি কলেজের সকল কোর্স মিলে বছরে মোট নিয়মিত শিক্ষার্থীর সংখ্যা ০১ থেকে ৫০০ পর্যন্ত ০২ জন, ৫০১ হতে ৫০০০ পর্যন্ত ০৫ জন এবং ৫০০১ হতে তদুর্ধ্ব পর্যন্ত ১০ জন শিক্ষার্থীকে (বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী ব্যতীত) বছরে এককালীন বৃত্তির জন্য সুপারিশ করা যাবে। যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী না পাওয়া গেলে কাউকে মানবিক বা অন্য কোন কারণে বৃত্তির জন্য সুপারিশ করা যাবে না।

৪। **বৃত্তির পরিমাণ**

শিক্ষাবৃত্তির জন্য নির্বাচিত প্রত্যেক শিক্ষার্থীকে বছরে এককালীন ৬,০০০/- (ছয় হাজার) টাকা প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, বৃত্তিখাতে বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক বাজেট বরাদ্দের উপর নির্ভর করে কলেজভিত্তিক বৃত্তি প্রদানের সংখ্যা কম-বেশি হতে পারে।

৫। বৃত্তির জন্য শিক্ষার্থীদের তালিকা চূড়ান্তকরণের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক গঠিত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

(মোঃ সাহাব উদ্দিন আহাম্মদ)
পরিচালক (ভারপ্রাপ্ত)
কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
যোগাযোগ: ০১৭৭৭ ৭৮৯০৪৭
ই-মেইল: collegemonitoring@nu.ac.bd

**কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর**
**জাতীয় বিশ্ববিদ্যালয়**
**বাংলাদেশ**

# বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নাম: ..........................................................................................

..........................................................................................

| **শিক্ষার্থীর তথ্য** |
|---|
| ক) নাম:....................................................... <br> পিতা: ....................................................... <br> মাতা: ....................................................... <br> জন্ম তারিখ: ....................................................... <br> ছবি <br> বর্তমান ঠিকানা: ....................................................................................... <br> স্থায়ী ঠিকানা: ....................................................................................... <br> জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বর: ....................................................... <br> খ) কোর্সের নাম: ...................................., বিষয়: ....................................................... <br> গ) শিক্ষাবর্ষ: ........................, রেজি: নম্বর: ..........................................., বৃত্তির প্রার্থিত বর্ষ: ................... <br> ঘ) বিশেষ চাহিদাসম্পন্নের ধরণ: .......................................................(সনদ সংযুক্ত করতে হবে) <br> ঙ) বিশেষ চাহিদাসম্পন্ন কোটায় ভর্তির কাগজ: ....................................................... (সংযুক্ত করতে হবে) <br> মোবাইল: ........................................ ই-মেইল (যদি থাকে): ....................................................... <br> শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ |

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)

কলেজ মনিটরিং এন্ড ইভালুয়েশন দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

## আর্থিকভাবে অসচ্ছল, প্রান্তিক, সুবিধাবঞ্চিত অথচ মেধাবী শিক্ষার্থীর শিক্ষাবৃত্তি তথ্য ছক

কলেজ/প্রতিষ্ঠানের নামঃ ..............................................................................................................

..............................................................................................................................

**শিক্ষার্থীর তথ্য**

ক) নামঃ.....................................................................

পিতাঃ .....................................................................

মাতাঃ .....................................................................

জন্ম তারিখঃ ..............................................................

ছবি

জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয়পত্র নম্বরঃ ..............................................................................................

খ) কোর্সের নামঃ ....................................., বিষয়ঃ ....................................................................

গ) শিক্ষাবর্ষঃ ......................., রেজিঃ নম্বরঃ ......................................., বৃত্তির প্রার্থিত বর্ষঃ ....................

ঘ) পূর্বতন বর্ষের ফলাফল (GPA)ঃ .................... , মেধাক্রম ..................

মোবাইলঃ ...................................... ই-মেইল (যদি থাকে)ঃ .......................................................

শিক্ষার্থীর স্বাক্ষর ও তারিখ

উপরে বর্ণিত বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীর প্রদেয় তথ্যাদি কলেজের রেকর্ড অনুযায়ী সঠিক।

অধ্যক্ষের স্বাক্ষর, তারিখ ও সীল

মোবাইল :

(প্রয়োজনে পৃথক কাগজ সংযুক্ত করুন)